The Bangladesh Monitor - A Premier Travel Publication



মাঝ আকাশে ত্রুটি, ইন্ডিগো ফ্লাইটের জরুরি অবতরণ

A Monitor Desk Report



ঢাকাঃ বুধবার (২২ অক্টোবর)ভারতের কলকাতা থেকে শ্রীনগরের উদ্দেশে উষ্ডয়ন করেছিলো ইন্ডিগোর একটি ফ্লাইট। মাঝপথে বারাণসীর লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করে ফ্লাইটটি।

বিমানবন্দর সূত্রে জানা গেছে, ফ্লাইটটির জ্বালানি লিক করেছে।

বারাণসী বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছেন, ফ্লাইটটিতে ১৬৬ জন যাত্রী এবং কর্মী ছিলেন। নিরাপদেই তাদের ফ্লাইট থেকে নামানো হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। বিমানবন্দরের কাজকর্মও স্বাভাবিকভাবেই চলছে।

বিমানবন্দরের ডিরেক্টর পুনিত গুপ্ত সংবাদমাধ্যমকে বলেন, ''৬৯৬১ নম্বর ইন্ডিগো ফ্লাইট'র পাইলট কলকাতা থেকে উড্ডয়ন করে শ্রীনগর যাওয়ার পথে জালানি লিক হচ্ছে বলে দেখতে পান। তারপরই তিনি বারাণসীর এয়ার ট্র্যাফিক কন্ট্রোলের সঞ্চো যোগাযোগ করেন। জর্রি অবতরণ করানোর জন্য অনুরোধ করেন। ছাড়পত্র পেয়ে বিকাল ৪টা ১০ মিনিটে ফ্লাইটটি অবতরণ করে বারাণসীতে। প্রযুক্তিবিদেরা উড়োজাহাজটির সব খতিয়ে দেখেন। সে সময় বিমানবন্দরে অপেক্ষা করেন যাত্রীরা।"

উল্লেখ্য, গত ১২ জুন আহমেদাবাদের লোকালয়ে ভেঙে পড়েছিল এয়ার ইন্ডিয়ার একটি বোয়িং উড়োজাহাজ। আহমেদাবাদ থেকে উড্ডয়নের পরই ভেঙে পড়ে উড়োজাহাজটি। এতে প্রাণ হারিয়েছিলেন ২৬০ জন। তাদের মধ্যে উড়োজাহাজের আরোহী ছিলেন ২৪১ জন।